দৈনিক ইনকিলাব

তারিখ ... APR. 4 1999

পৃষ্ঠা ৬ কলাম ৬

92

## উত্তরাঞ্চলে পৃথক মাদ্রাসা শিক্ষা বোর্ড স্থাপনের দাবী

**বগুড়া অফিস ঃ** উত্তরাঞ্চলে একটি পৃথক মাদ্রাসা শিক্ষা বোর্ড স্থাপনের দাবীতে শহীদ খোকন পার্কে এক গণজমায়েত অনুষ্ঠিত হয়। গণজমায়েতে, সভাপতিত্ব করেন উত্তরবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ড বাস্তবায়ন সমন্বয় পরিষদের চেয়ারম্যান মাওলানা মুজাম্মেল হোসাইন। গণজমায়েতে বক্তব্য রাখেন আবু বকর সিদ্দিক, মাওলানা ওসমান গনি, মাওলানা আবু তাহের প্রমুখ।

বক্তারা উত্তরবঙ্গে স্বতন্ত্র মাদ্রাসা শিক্ষা বোর্ড প্রতিষ্ঠার যৌক্তিকতা তুলে ধরেন ও অবিলম্বে উত্তরবঙ্গে পৃথক মাদ্রাসা শিক্ষা বোর্ড প্রতিষ্ঠার জন্য সরকারের প্রতি জোর দাবী জানান। গণজমায়েতে ১ এপ্রিল থেকে ১৫ এপ্রিল গণসংযোগ ও ১৬-৩০ এপ্রিল দাবী পক্ষ পালনের কর্মসূচী ঘোষণা করা হয়।